

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৯১

কাঞ্চনপুর, ১৭ অক্টোবর, ২০২৩

কাঞ্চনপুর মহকুমায় মৎস্য চাষে সহায়তা

কাঞ্চনপুর মহকুমায় চলতি অর্থবছরে ৫ জন মৎস্যজীবীকে মৎস্যচাষে সহায়তা দেওয়া হয়েছে। মৎস্য দপ্তরের বার্ষিক পরিকল্পনায় সুবিধাভোগী মৎস্যজীবীদের ১ হাজার করে মাগুর মাছ ও ৮০০টি করে বিভিন্ন জাতের মাছের পোনা দেওয়া হয়েছে। এই কর্মসূচিতে সুবিধাভোগী মৎস্যজীবীদের মৎস্যচাষের সহায়ক সামগ্রীও দেওয়া হয়। এজন্য ব্যয় হয়েছে ৫৭ হাজার ৫০০ টাকা। মহকুমার দশদা ব্লকের ৩ জন ও লালজুরি ব্লকের ২ জন মৎস্যজীবী এই কর্মসূচিতে উপকৃত হয়েছেন। মহকুমা মৎস্য তত্ত্বাবধায়কের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
